

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-৪৩৬

আগরতলা, ১৭ জুন, ২০২৪

আগরতলা-শিয়ালদহ কাঞ্চনজঙ্ঘা এক্সপ্রেসের দুর্ঘটনা
রাজ্যের ২ জন আহত যাত্রীকে সহায়তা



আজ সকালে নিউ জলপাইগুড়ির সন্নিকটে আগরতলা-শিয়ালদহ কাঞ্চনজঙ্ঘা এক্সপ্রেসের দুর্ঘটনায় এখন পর্যন্ত আহত রাজ্যের ২ জন যাত্রীর সম্মান পাওয়া গেছে। আজ রাতে রাজ্য প্রশাসন থেকে এই সংবাদ জানিয়ে বলা হয়েছে, আহত ২ যাত্রী হলেন অনুপ দাস (২৮), পিতা - ধনঞ্জয় দাস, রেন্টার্স কলোনী, যোগেন্দ্রনগর, আগরতলা এবং হাসান শেখ (২৩), পিতা - ইয়াদিল শেখ, মধ্যভুবনবন আগরতলা। আহত উভয় যাত্রী বর্তমানে উত্তরবঙ্গ মেডিক্যাল কলেজে ভর্তি রয়েছেন। তবে তাদের আঘাত গুরুতর নয় বলেই জানা গেছে। কলকাতা ত্রিপুরা ভবনের একটি প্রতিনিধিদল ঘটনাস্থলে গিয়ে আহতদের সঙ্গে দেখা করে এবং তাদের চিকিৎসা পরিষেবার বিষয়ে খোঁজখবর নেয়। পাশাপাশি তাদের বাড়ির লোকদের সঙ্গে যোগাযোগের ব্যবস্থা করেন। এখন পর্যন্ত রেল কর্তৃপক্ষের তরফে রাজ্যের আহত এই ২ জন যাত্রীকে ৫০ হাজার টাকা করে আর্থিক সহায়তা দেওয়া হয়েছে।
